# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 29 March, 2025

লালমনিরহাটের কালীগঞ্জ উপজেলায় কয়েকটি গ্রামের শতাধিক পরিবার সৌদি আরবের সঙ্গে মিল রেখে ঈদুল ফিতর উদযাপন করছে।

রোববার (৩০ মার্চ) সকাল ৯টার দিকে উপজেলার মুন্সীপাড়ায় পবিত্র ঈদুল ফিতরের নামাজের জামাত অনুষ্ঠিত হয়।নামাজে ইমামতি করেন মাওলানা ইমান আলী।

স্থানীয় সূত্রে জানা গেছে, কালীগঞ্জ উপজেলার তুষভাণ্ডার, সুন্দ্রহবী, কাকিনা, চাপারহাট, চন্দ্রপুর, আমিনগঞ্জ ও মুন্সীপাড়া গ্রামের প্রায় শতাধিক পরিবারের মুসল্লিরা রোববার পবিত্র ঈদুল ফিতরের নামাজ আদায় করেছেন।প্রতি বছর সৌদি আরবের সঙ্গে মিল রেখে একদিন আগে রোজা ও ঈদ করেন এসব গ্রামের মুসল্লিরা।

হাড়িশহরের মুন্সিপাড়ার ঈদগাহ মাঠের সভাপতি কায়েদে আজম বলেন, সারা বিশ্বে একই দিন ঈদ হবে।এ বিশ্বাস থেকে সৌদি আরবের সঙ্গে মিল রেখে কয়েক বছর ধরে এ এলাকার মানুষ, ঈদুল ফিতর, ঈদুল আযহা, শবেকদর, শবে মেরাজসহ বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান পালন করে আসছেন।

তিনি বলেন, আমরা সৌদি আরবের আকাশে চাঁদ দেখা গেলে ঈদ পালন করি।এতে ঈদের জামাতে ৫ শতাধিক মুসল্লি অংশগ্রহণ করেন। পুরুষের পাশাপাশি নারীরাও অংশ নেন জামাতে।তবে গতবারের তুলনায় এবার মুসুল্লি কমেছে।কারণ বিভিন্ন স্থানে জামাতের সংখ্যা বেড়েছে।

একদিন আগে কেন ঈদের নামাজ? এমন প্রশ্নে ইমাম কায়েদে আজম বলেন, ‘কোরআন থেকে জেনে শুনে এই ঈদ আমরা পালন করে আসছি, এখানে কোনো ভুল নেই।আমাদের মতো দেশের সকল মানুষের ঈদ পালন করা উচিত।তাহলে ঈদের আনন্দ আরও বেড়ে যাবে।

এ বিষয়ে কালীগঞ্জ থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম মালিক জানান, সৌদি আরবের সঙ্গে মিল রেখে অনেক আগে থেকে কাকিনা-তুষভাণ্ডার ইউনিয়নের সুন্দ্রাহবি, চন্দ্রপুর ইউনিয়নের বোতলা ও পানি খাওয়ার ঘাট এলাকায় ঈদের নামাজ আদায় করে কিছু মানুষ। নামাজ আদায়ের সময় মুসল্লিদের নিরাপত্তায় দুজন পুলিশ কর্মকর্তা সেখানে উপস্থিত ছিলেন।

লালমনিরহাট সৌদি আরব ঈদুল ফিতর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 13:52

URL: https://timestodaybd.com/public/rangpur/397939184